



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2022

গভর্নর ক্যাথি হোকল

**HIV প্রতিরোধ করতে সহায়ক PrEP ও PEP ওষুধের অ্যাক্সেস সম্প্রসারণ করার জন্য  
গভর্নর হোকলের আইন স্বাক্ষর**

***S.688/A.807 আইনটি নিউ ইয়র্কে HIV মহামারীর অবসান ঘটাতে সাহায্য করার জন্য  
বিমা কোম্পানিগুলোর জন্য প্রি-এক্সপোজার প্রোফিল্যাক্সিস (PrEP) এবং পোস্ট-  
এক্সপোজার প্রোফিল্যাক্সিস (PEP) কভার করা আবশ্যিক করেছে***

গভর্নর হোকল আজ HIV সংক্রমণের বিরুদ্ধে প্রতিরোধ করতে সাহায্য করার জন্য বিমা কোম্পানিগুলোর জন্য প্রি-এক্সপোজার প্রোফিল্যাক্সিস (PrEP) এবং পোস্ট-এক্সপোজার প্রোফিল্যাক্সিস (PEP) কভার করা আবশ্যিক করে আইন (S.688/A.807) স্বাক্ষর করেছেন।

"নিউ ইয়র্ক একসময় HIV/AIDS মহামারীর কেন্দ্রস্থল ছিল, এবং এই মহামারী চিরদিনের জন্য নির্মূল করার জন্য লড়াই চালিয়ে যাওয়ার ব্যাপারে আমাদের নৈতিক দায়বদ্ধতা রয়েছে," বলেছেন **গভর্নর হোকল**। "PrEP এবং PEP হচ্ছে অতি গুরুত্বপূর্ণ টুল যেগুলো নতুন HIV সংক্রমণ হওয়া প্রতিরোধ করে এবং প্রত্যেক উপযুক্ত নিউ ইয়র্কবাসীর এই গুরুত্বপূর্ণ ওষুধগুলোর অ্যাক্সেস পাওয়া উচিত।"

**S.688/A.807 আইনে** প্রেসক্রিপশনের ওষুধের জন্য কভারেজ প্রদানকারী যেকোনো বিমা পলিসির জন্য PrEP ও PEP — HIV-এর বিস্তার রোধ করার জন্য দুইটি গুরুত্বপূর্ণ হাতিয়ার — এর খরচ কভার করা আবশ্যিক করেছে। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention)-এর তথ্য অনুযায়ী, নিয়মিতভাবে গ্রহণ করা হলে PrEP HIV সংক্রমিত হওয়ার উচ্চ ঝুঁকি রয়েছে এমন ব্যক্তিদের মধ্যে HIV সংক্রমণের ঝুঁকি 92 শতাংশ পর্যন্ত কমিয়ে আনতে পেরেছে বলে দেখা গেছে। নিউ ইয়র্ক স্টেটে দেশের মধ্যে সর্বোচ্চ PrEP কভারেজ বিদ্যমান থাকা অব্যাহত রয়েছে, এবং প্রায় অন্য যেকোনো আইনি অধিক্ষেত্রের তুলনায় এখানে বেশি মানুষ এটি গ্রহণ করছে। PEP রেজিমেনগুলো হচ্ছে উচ্চ-ঝুঁকিপূর্ণ কোনো ঘটনার পরে HIV-এর বিস্তার বন্ধ করার জন্য গ্রহণ করা রেট্রোভাইরাস-প্রতিরোধী ওষুধ। HIV পজিটিভ ব্যক্তিদের রক্ত বা দেহজাত তরলের সংস্পর্শে এসেছেন এমন স্বাস্থ্যসেবা কর্মীদের চিকিৎসা করার জন্য, এবং সেইসাথে অনিরাপদ যৌনমিলন, একই সুই একাধিক ব্যক্তি ব্যবহার করা, অথবা যৌন নিপীড়নের কারণে যেসব ব্যক্তি HIV-এর সংস্পর্শে এসেছেন তাদের চিকিৎসা করার জন্য PEP ব্যবহার করা যায়। আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী যাতে জীবনরক্ষাকারী এসব হাতিয়ার

অ্যাক্সেস করতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে এই নতুন আইন সাহায্য করবে, যেগুলো নিউ ইয়র্কে HIV মহামারীর অবসান ঘটানোর লড়াইয়ের একটি গুরুত্বপূর্ণ অংশ।

**স্টেট সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন,** "2014 সালে এই মহামারীর অবসান ঘটানোর জন্য অঙ্গীকারাবদ্ধ হওয়ার পর থেকে নিউ ইয়র্ক HIV/AIDS-এর বিরুদ্ধে লড়াইয়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, কিন্তু এরপরও 2020 সাল ও 2021 সালের মধ্যে নতুন সংক্রমণের হার বৃদ্ধি পেয়েছে, যেখানে গত বছর 2,100-এরও বেশি কেস পাওয়া গেছে। নতুন সংক্রমণ প্রতিরোধ করতে কাজ করা PrEP ও PEP-এর অ্যাক্সেস সম্প্রসারণ করাটা এই বিস্তার বন্ধ করতে সাহায্য করবে। এই বিল স্বাক্ষরিত হওয়ার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক জনস্বাস্থ্যের প্রতি এটির অঙ্গীকারাবদ্ধতাকে নবায়ন করছে, বিশেষ করে LGBTQ কমিউনিটিতে। অ্যাসেম্বলিতে এই বিল সমর্থন করার জন্য অ্যাসেম্বলি সদস্য ও'ডনেলকে, এটিকে সিনেটে উপস্থাপনের জন্য সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্সকে, এবং এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

**অ্যাসেম্বলি সদস্য ড্যানি ও'ডনেল বলেন,** "এক আউস প্রতিরোধের মূল্য এক পাউন্ড প্রতিকারের চেয়ে বেশি। এবং HIV-এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে প্রতিরোধমূলক ওষুধের অ্যাক্সেস একটি অপরিহার্য বিষয়। এই মহামারীর অবসান ঘটেনি। কিন্তু PEP ও PrEP HIV-এর বিস্তার রোধ করে বলে প্রমাণিত হয়েছে, এবং দামের কারণে অথবা বিমা কভারেজের অভাব থাকার কারণে এসব বৈপ্লবিক ওষুধের অ্যাক্সেস পাওয়া থেকে কোনো ব্যক্তির বঞ্চিত হতে হওয়া উচিত নয়। এটি এমন একটি বিল যা বিমা কভারেজের অভাব যাতে কখনো PEP বা PrEP অ্যাক্সেস করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা হয়ে না দাঁড়ায় সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে LGBTQ ব্যক্তিদের, অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোকে, এবং HIV-এর সংস্পর্শে আসার উচ্চ ঝুঁকিতে রয়েছেন এমন যেকোনো ব্যক্তিকে সাহায্য করছে। আমার সহকর্মীদেরকে, গভর্নর হোকলকে, সিনেটর হলিম্যানকে, এবং এই গুরুত্বপূর্ণ আইনটি পাশ করতে যারা কাজ করেছেন সেসব অ্যাডভোকেটদেরকে ধন্যবাদ।"

**স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন,** "PrEP ও PEP ওষুধ HIV সংক্রমণ প্রতিরোধ করা এবং এর বিস্তার কমিয়ে আনার জন্য উচ্চ কার্যকারিতাসম্পন্ন বলে প্রমাণিত হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু সংস্থান। এসব ওষুধ অবশ্যই সব নিউ ইয়র্কবাসীর জন্য লভ্য, অ্যাক্সেসযোগ্য, এবং সর্বোপরি সাশ্রয়ী হতে হবে। এই গুরুত্বপূর্ণ আইনটি স্বাক্ষর করার জন্য এবং নিউ ইয়র্ককে এই মহামারী নির্মূল করার আরো এক ধাপ কাছাকাছি নিয়ে যাওয়ার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418